বর্শিবাড়িয়ার বরখাস্ত প্রধান শিক্ষক কালাম দম্পতির বিরুদ্ধে সহকর্মীর মামলা

মেহেরপুর সদর উপজেলার বর্শিবাড়িয়া মাধ্যমিক বিদ্যালয়ের বরখাস্ত প্রধান শিক্ষক আবুল কালাম আজাদ ও তার স্ত্রী একই বিদ্যালয়ের সহকারী শিক্ষক নার্গিস খাতুনের বিরুদ্ধে মানহানী মামলা করা হয়েছে।

সম্প্রতি ওই স্কুলের শিক্ষক সাদ্দাম হোসেন মেহেরপুরের নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল হাজির হয়ে তিনি এ মামলা করেন। যার মামলা নম্বর-৯১/২০২৪।

মামলাটি আমলে নিয়ে আদালত মেহেরপুর জেলা গোয়েন্দা শাখার ওসিকে তদন্ত করে আদালতে প্রতিবেদন জমা দেওয়ার আদেশ দেন।

মামলার বিবরণে জানা গেছে, বর্শিবাড়িয়া মাধ্যমিক বিদ্যালয়ের ম্যানেজিং কমিটি আবুল কালাম আজাদকে অর্থ আত্মসাতের অভিযোগে বরখাস্ত করে। বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির সভাপতি বাদির পিতা। এতে ক্ষুব্ধ হয়ে আসামি নার্গিস খাতুন বাদি হয়ে সাদ্দাম হোসেন ও তার পিতা বিদ্যালয় ম্যানেজিং কমিটির সভাপতির বিরুদ্ধে নারী ও শিশু নির্যাতন দমন আইনে মামলা করেন। মামলাটি তদন্ত করে পিবিআই অভিযোগ সত্য নয় বলে আদালতে প্রতিবেদন দাখিল করেন। এর পরে আসামিরা বিদ্যালয়ে সাক্ষীদের সন্মুখে পুনরায় নারী ও শিশু নির্যাতন আইনে মামলা করার হুমকি দেন। বাদি এ দম্পতির হাত থেকে আইনি সুরক্ষা পেতে তিনি এ মামলা দায়ের করেন।

মেহেরপুরে কাজলা নদীর অবৈধ বাধ

দখলমুক্ত করার দাবিতে মানববন্ধন

ষড়যন্ত্রমূলক মিথ্যা মামলা, নদী দখল ও স্থানীয়দের নির্যাতনের প্রতিবাদে মেহেরপুরে মানববন্ধন,স্মারকলিপি প্রদান ও বিক্ষোভ করেছে এলাকাবাসী।

আজ বৃহস্পতিবার (৬ জুন) সকাল ১০ টার মেহেরপুর জেলা প্রশাসন কার্যালয়ের সামনে ঘণ্টাব্যাপী এ মানববন্ধন অনুষ্ঠিত হয়।

মানববন্ধনে সদর উপজেলার কাঁঠালপোতা, সোনাপুর ও টুঙ্গি গ্রামের প্রায় দুই হাজার নারী-পুরুষ অংশ নেয়। মানববন্ধন শেষে স্থানীয়রা জেলা প্রশাসক মোঃ শামীম হাসানের হাতে স্মারকলিপি তুলে দেন।

মানববন্ধনের নেতৃত্ব দেন পিরোজপুর ইউনিয়ন পরিষদের ৬ নম্বর ওয়ার্ডের সদস্য আশাদুল ইসলাম। এ সময় পিরোজপুর ইউনিয়নের ৪, ৫ ও ৬নং ওয়ার্ডের সাবেক সংরক্ষিত মহিলা সদস্য আশান্নুরী, সালমা বেগম, আওয়ামী লীগ মেতা আব্দুল লতিফ, ইউনিয়ন ছাত্রলীগের সভাপতি মানিক, কাঁঠালপাতা দক্ষিণপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক ইলিয়াস হোসেন, শহিদুল ইসলাম, কাঠালপোতা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক আব্দুস সামাদ, সোনাপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক কফিল উদ্দীন, নাজমুল হাসান শুভ, মৎস্যজীবী রহিদুল ইসলাম, শরিয়ত, জিনারুল, মিয়ারুল, মিজান, ফারুক, আজিজুল, কামরুল, মিজানুর, মেন্টুলসহ কাঁঠালপোতা, সোনাপুর ও টুঙ্গী গ্রামের গণমান্য ব্যক্তি, রাজনৈতিক ব্যক্তিত্ব, জেলে সম্প্রদায় ও বিভিন্ন বয়সী সহস্রাধিক নারী-পুরুষ মানববন্ধনে অংশ নেন।

মানববন্ধনে বক্তারা বলেন, মুজিবনগর উপজেলা পরিষদের চেয়ারম্যান আমাম হোসেন মিলু ও তার কিছু সহযোগীদের সঙ্গে নিয়ে সরকারের আইন তোয়াক্কা না করে বাদ দিয়ে জোর পূর্বক মাছ চাষ করে আসছে। এছাড়াও দীর্ঘদিন ধরে নদীটি দখলসহ বিভিন্ন অপকর্ম করে আসছে। তার অপকর্মের প্রতিবাদ করায় অনেকেই তার ষড়যন্ত্রমূলক মিথ্যা মামলার শিকার হয়েছেন। মিলু বাহিনী হামলা করে উল্টো আমাদের নামেই মিথ্যা মামলা দিয়ে হয়রানি করছে।

বক্তারা আরও বলেন, কাজলা নদী সংলগ্ন টুপলা ও নেংড়ো বিলের মাছ চাষের আড়ালে নদীতে বাধ দিয়ে প্রবাহিত স্রোত বাধাগ্রস্ত করছে এর ফলে বিভিন্ন সময় পানি প্রবাহিত হয়ে পাশে ফসলী জমি নষ্ট হচ্ছে।

নদী বাঁচাতে ও ফসলি জমি রক্ষায় অবৈধ বাঁধ অপসারণ করে জনসাধারণের জন্য উন্মুক্ত করে দেওয়ার দাবি এলাকাবাসীর।

গাংনীর কাথুলী ইউনিয়নে ফাইনাল খেলা অনুষ্ঠিত

গাংনীর কাথুলী ইউনিয়নের গাড়াবাড়ীয়াতে বঙ্গবন্ধু ও বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা গোল্ড কাপ ফাইনাল খেলা অনুষ্ঠিত হয়েছে।

আজ বৃহস্পতিবার (৬ জুন) সকাল ৯ থেকে গাড়াবাড়ীয়া কুতুবপুর সরকারী

প্রাথমিক বিদ্যালয় খেলার মাঠে এ খেলা অনুষ্ঠিত হয়।

প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কাথুলী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মিজানুর রহমান রানা।

এসময় উপস্থিত ছিলেন মাইলমারী সরকারী প্রথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক দানেছুর রহমান,সহকারী শিক্ষক হাফিজুল ইসলাম, সহকারী শিক্ষক শফিউদ্দিন কুতুবপুর স্কুল এন্ড কলেজের সহকারী শিক্ষক রেজাউর রহমান, আক্তারুজ্জামান লাভলু,জয়নাল আবেদীন,সহ আরো অনেকে।

ফাইনাল খেলায় বালক ও বালিকা উভয় প্রথম স্থান করেছেন মাইলমারী সরকারী প্রথমিক বিদ্যালয়। বালিকা রানার আপ কাথুলী সরকারী প্রথমিক বিদ্যালয়, রানার আপ বালক কুতুবপুর সরকারী প্রথমিক বিদ্যালয়।

গাংনীতে পিএসকেএসের আয়োজনে বিশ্ব পরিবেশ দিবসের আলোচনা

গাংনীর পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতি(পিএসকেএস) এর উদ্যোগে পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর অর্থায়নে বিশ্ব পরিবেশ দিবস পালিত হয়েছে।

“করবো ভূমি পুনরুদ্ধার, রুখবো মরুময়তা অর্জন করতে হবে মোদের খরা সহনশীলতা’ এই প্রতিপাদ্য বিষয়কে সামনে রেখে তেঁতুলবাড়িয়া ইউনিয়নে পলাশীপাড়া শাখা কার্যালয়ে বিশ্ব পরিবেশ দিবস পালন উপলক্ষে আলোচনা সভা করা হয়।

উক্ত, বিশ্ব পরিবেশ দিবস উপলক্ষে আলোচনা সভায় উপস্থিত ছিলেন তেঁতুলবাড়ীয়া ইউনিয়নের সিবিও কমিটির সভাপতি মোঃ শাখাওয়াত হোসেন, সমৃদ্ধি কর্মসূচী সমন্বয়কারী মোঃ জামিদুল ইসলাম, শাখা ব্যবস্থাপক মোঃ আব্দুল মান্নান,স্বাস্থ্য সহকারী মোঃ আসাদুল ইসলাম। সমাজ উন্নয়ন কর্মকর্তা মোঃ রাকিবুল ইসলামসহ অন্যান্য গন্যমান্য ব্যক্তিবর্গ।

মুজিবনগরে নানা আয়োজনে বিশ্ব পরিবেশ দিবস পালন

“করবো ভূমি পুনরুদ্ধার রুখবো মরুময়তা, অর্জন করতে হবে মোদের খরা সহনশীলতা” এ স্লোগানকে সামনে রেখে র্যালী ও আলোচনা সভার মধ্য দিয়ে মুজিবনগরে বিশ্ব পরিবেশ দিবস পালিত হয়েছে।

দিবসটি পালন উপলক্ষে আজ বুধবার সকাল সাড়ে ১০ টার দিকে উপজেলা প্রশাসনের আয়োজনে এবং গুডনেইবারস বাংলাদেশ মেহেরপুর সিডিপি এর সহযোগিতায়, মুজিবনগর উপজেলা চত্বর থেকে মুজিবনগর উপজেলার নবনির্বাচিত চেয়ারম্যান আমাম হোসেন মিলুর নেতৃত্বে একটি বর্ণাঢ্য র্যালি বের করা হয়।

র্যালিটি প্রধান সড়ক প্রদক্ষিন শেষে পরিষদ চত্তরে শেষ হয়ে উপজেলা পরিষদ মিলনায়তনে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার খাইরুল ইসলামের সভাপতিত্বে বিশ্ব পরিবেশ দিবসের আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মুজিবনগর উপজেলা চেয়ারম্যান আমাম হোসেন মিলু।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, উপজেলা কৃষক লীগের সভাপতি ও উপজেলা ভাইস চেয়ারম্যান বি এম জাহিদ হাসান রাজীব, উপজেলা যুব মহিলা লীগের সভাপতি ও মহিলা ভাইস চেয়ারম্যান তকলিমা খাতুন, মুজিবনগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের আবাসিক মেডিকেল অফিসার ডা: মেহেদী হাসান, উপজেলাপ্রাণিসম্পদ কর্মকর্তা ডা: হারিছুল আবিদ,উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা মোহাম্মদ রকিবউদ্দিন উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার মাশরুবা আলম, গুডনেইবারর্স বাংলাদেশ মেহেরপুর সিডিপি এর ম্যানেজার সুব্রত টুড।

র্যালি ও আলোচনা সভায় উপজেলা পরিষদের কর্মকর্তা কর্মচারী এনজিও কর্মী এবং সাধারণ জনগণ অংশগ্রহণ করে।

মেহেরপুরে গাঁজাসহ মাদক ব্যবসায়ী গ্রেফতার

মেহেরপুর জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের মাদক বিরোধী অভিযানে ২৫০ গ্রাম গাঁজা সহ রকিবুল নামের এক মাদক ব্যবসায়ীকে গ্রেফতার করা হয়েছে।

আজ বুধবার (৫ জুন) বিকেলের মেহেরপুর শহরের ওয়াপদা পাড়া এলাকা থেকে তাকে আটক করা হয়। আটক রকিবুল ওয়াপদা পাড়ার হবির ছেলে।

জানা গেছে, গোপন সূত্রে জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের পরিদর্শক আবুল হাসানের নেতৃত্বে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের একটি দল শহরের ওয়াবদা সড়কে রকিবুলের বাড়ি তল্লাশি করেন। এ সময় পলিথিনে মোড়ানো ২৫০ গ্রাম গাঁজা উদ্ধার করে। এবং রকিবুলকে আটক করেন।

এ ঘটনায় মেহেরপুর সদর থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে রকিবুলের বিরুদ্ধে মামলার প্রস্তুতি চলছে।

মেহেরপুরে হিরোইনসহ আটক ১

মেহেরপুরে জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের অভিযানে হিরোইনসহ জসীম উদ্দীন নামের এক জন আটক।

আজ মঙ্গলবার বিকালে সদর উপজেলার হরিরামপুর বাজিতপুর সড়ক থেকে তাকে আটক করা হয়। আটক জসীম উদ্দীন সদর উপজেলার বাজিতপুর গ্রামের এমাদুলের ছেলে।

জানা গেছে, জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের পরিদর্শক আবুল হাসেমের নেতৃত্বে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সদস্যরা সদর

উপজেলার বুড়িপোতা ইউনিয়নের হরিরামপুর বাজিতপুর সড়কে অভিযান চালান।
এ সময় জসিমকে আটক করার পর তার কাছ থেকে ৬ গ্রাম হেরোইন উদ্ধার করা হয়। এ ঘটনায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মেহেরপুর সদর থানায় একটি মামলা দায়ের করা হয়েছে।

“বাংলাদেশের ষাট ভাগ সিমেন্টের চাহিদা মেটাবে বসুন্ধরা গ্রুপ”- এসকে জাহিদ

মেহেরপুর জেলা শহরে দেশের সর্ববৃহৎ শিল্প প্রতিষ্ঠান বসুন্ধরা গ্রুপের বসুন্ধরা সিমেন্ট ও কিং ব্র্যান্ড সিমেন্টের শুভ হালখাতা ১৪৩১ অনুষ্ঠিত হয়েছে।

আজ মঙ্গলবার (৪ জুন) দুপুরে বসুন্ধরা সিমেন্ট ও কিং ব্র্যান্ড সিমেন্টের পরিবেশক জি. এন এন্টারপ্রাইজ ও মেসার্স আসিফ এন্টারপ্রাইজ এর স্বত্ত্বাধিকারী মো: গোলাম শহীদ (শাহেদ) ও মো: গোলাম মোর্শেদ (চন্দন) এর নিজস্ব ব্যবসা প্রতিষ্ঠানে শুভ হালখাতা অনুষ্ঠানের আয়োজন করেন।

শুভ হালখাতা আয়োজন উপলক্ষ আয়োজিত সংক্ষিপ্ত আলোচনা সভা ও পুরস্কার বিতরণ অনুষ্ঠানে সভাপতিত্ব করেন মেসার্স জিএন এন্টারপ্রাইজের স্বতাধিকারী মোঃ গোলাম শহিদ(শাহেদ)।

অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য রাখেন, বসুন্ধরা গ্রুপের সিমেন্ট সেক্টরের ডিএমডি এস কে জাহিদ।

প্রধান অতিথির বক্তব্যে, বসুন্ধরা গ্রুপের ডিএমডি এসকে জাহিদ বলেন, দেশের সর্ববৃহৎ শিল্প প্রতিষ্ঠান বসুন্ধরা গ্রুপের কোনো পণ্যের মানের দিক থেকে কখনো কম্প্রোমাইজ করেনা। এই গ্রুপের চেয়ারম্যান যেটা ধরেন সেটাতেই সোনা ফলে। তিনি বলেন, বসুন্ধরা গ্রুপের প্রোডাকশন প্লান আরো উন্নত করা হচ্ছে। আগামীতে

বসুন্ধরা সিমেন্ট ও কিং ব্র্যান্ড সিমেন্ট বাংলাদেশের চাহিদার শতকরা ষাট ভাগ মেটাবে। দেশের সব সিমেন্ট কোম্পানী বন্ধ হলেও আগামী ১০০ বছরে বসুন্ধরার সিমেন্ট উৎপাদন বন্ধ হবেনা। ব্যবসায়ীদের বসুন্ধরা গ্রুপের সাথে ব্যবসা আরও সস্প্রসারণ করার আহবান জানিয়ে তিনি বলেন, আগামীতে বসুন্ধরা গ্রুপ রড ফ্যাক্টরি স্থাপন করবে।

বিশেষ অতিথির বক্তব্য রাখেন, সিএসও শাহ জামাল সিকদার, সাউথ বেঙ্গলের ডিজিএম শাহাদাত হোসাইন, জোনাল হেড জাফরুল ইসলাম, ডিভিশনাল ম্যানেজার মুশফিকুর রহমান, এরিয়া ম্যানেজার মাসুদ সালাউদ্দিন।

হালখাতা উপলক্ষে আয়োজিত আলোচনা সভায় অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন, মেসার্স জিএন এন্টারপ্রাইজের স্বতাধিকারী মোঃ গোলাম শহীদ(শাহেদ) ও মেসার্স আসিফ এন্টারপ্রাইজের পরিবেশক মোঃ গোলাম মোরশেদ (চন্দন) বক্তব্য রাখেন।

অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন কোম্পানীর স্থানীয় রিটেইলার বৃন্দ, বিশিষ্ট ব্যবসায়ী বৃন্দ এবং স্থানীয় ঠিকাদার বৃন্দ। উক্ত অনুষ্ঠানে বসুন্ধরা সিমেন্ট ও কিং ব্র্যান্ড সিমেন্ট এর গুণগত মান এবং ধারাবাহিক ঐতিহ্য সহ বাংলাদেশের উন্নয়নশীল প্রকল্পে বসুন্ধরা সিমেন্ট ও কিং ব্যান্ড সিমেন্ট এর অবদান তুলে ধরা হয় ।

উক্ত অনুষ্ঠানে রিটেইলার বৃন্দদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়। এর আগে মধ্যাহ্নভোজের আয়োজন করা হয়।

গাংনীতে সপ্তম শ্রেনীর ছাত্রীকে যৌণ হয়রানির অভিযোগ শিক্ষকের বিরুদ্ধে

গাংনী উপজেলার বাওট সোলাইমানী মাধ্যমিক বিদ্যালয়ের শারীরিক শিক্ষকের বিরুদ্ধে ছাত্রীকে যৌণ হয়রানির অভিযোগ উঠেছে। তবে, এ

ধরনের গুরতর অভিযোগ ওঠার পরেও অভিযুক্ত শিক্ষক মিরাজুল ইসলামের বিরুদ্ধে কোনো ব্যবস্থা নেইনি বিদ্যালয় কতৃর্পক্ষ।

ওই শিক্ষকের নাম মিরাজুল ইসলাম। তিনি বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ) এর নিয়োগকৃত শিক্ষক। তিনি ২০১৯ সালে ওই বিদ্যালয়ে সহকারি শিক্ষক (শারীরিক শিক্ষা) বিষয়ক শিক্ষক।

জানা গেছে, গত বুধবার ওই বিদ্যালয়ের সপ্তম শ্রেনীর এক ছাত্রীকে শিক্ষক মিরাজুল ইসলাম একটি কক্ষে একা পেয়ে জোরপূর্বক তার শরীরের স্পর্শকাতর স্থানে হাতে দেন। তাকে ধর্ষণের চেষ্টা চালায়। পরে ওই ছাত্রী ক্লাসে উপস্থিত না হয়ে ছাত্রী কমন রুমে অবস্থান নেই। বিষয়টি এক কান দোকান করতে করতে সবাই জানাজানি হয়।

বাওট সোলাইমানী মাধ্যমিক বিদ্যালয়ের সহকারি প্রধান শিক্ষক আবুল বাশার জানান, ভিকটিম ক্লাসে না এসে ছাত্রী কমনরুমে বসে ছিল। অন্যান্য ছাত্রীরা আমাকে জানানোর পর আমি তার সাথে কথা বলতে গেলে শিক্ষক মিরাজুল ইসলাম তাকে যৌণ হয়রানি চালিয়ে বলে আমাকে জানায়। তিনি বলেন, এঘটনার পর অভিযেুক্ত শিক্ষক মিরাজুল ইসলাম আর স্কুলে আসেনি।

বিদ্যালয়ের প্রধান শিক্ষক সোহরাব হোসেন বলেন, বিষয়টি জানার পরে আমি তাকে মৌখিকভাবে বহিস্কার করেছি। এছাড়া তার বিরুদ্ধে উর্দ্ধতন কর্তপক্ষের কাছে জানানো হবে। ওই ছাত্রীর পরিবারের পক্ষ থেকে আমাকে লিখিত অভিযোগ দেওয়ার কথা ছিল। এজন্যও একটু দেরি হয়েছে বলে জানান তিনি। ঘটনার পাঁচ দিনে পরেও কোনো ব্যবস্থা নেওয়া হয়নি কেনো এমন প্রশ্নের জবাবে প্রধান শিক্ষক বলেছেন, আমি ওপেন হার্ট করা মানুষ। কালকে বিষয়টি উর্দ্ধতন কর্তপক্ষের কাছে জানাবো।

বিদ্যালয়ের ব্যবস্থাপনা পর্ষদের সভাপতি সাহাবুদ্দীন জানান, ঘটনাটি জানাজানি হওয়ার পর আমি প্রধান শিক্ষকের কাছে জানতে চেয়েছি। ব্যবস্থা নেওয়া হবে বলে তিনি আমাকে জানিয়েছেন। এছাড়া ভিকটিমের বড় বোন আমাকে মোবাইল ফোনে বিষয়টি জানিয়ে বিচার দাবি করেছেন। আমি সে বিষয়টিও প্রধান শিক্ষকের কাছে বলেছি।

এদিকে শিক্ষক মিরাজুল ইসলামের বিরুদ্ধে বিদ্যালয়ের বিভিন্ন ছাত্রীদের যৌণ হয়রানির চেষ্টার একাধিক অভিযোগ উঠেছে। তার এলাকাতেও এধরনের অনৈতিক কাজের একাধিক অভিযোগ রয়েছে।

এদিকে অভিযুক্ত শিক্ষকের বিরুদ্ধে বিচার দাবী ও বিদ্যালয় থেকে বহিস্কারের দাবী জানান অভিভাকরা।

মুজিবনগরে বীর মুক্তিযোদ্ধাদের বীরত্বগাথা শোনানোর অনুষ্ঠান অনুষ্ঠিত

মুক্তিযুদ্ধের চেতনা এবং জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের আদর্শে নতুন প্রজন্মকে গড়ে তোলার মাধ্যমে দেশ ও জাতিকে বিশ্বের দরবারে তুলে ধরার প্রয়াসে নতুন প্রজন্মকে মুক্তিযুদ্ধের চেতনায় উদ্বুদ্ধকরণের লক্ষ্যে শিক্ষার্থীদেরকে বীর বীর মুক্তিযোদ্ধাদের যুদ্ধকালীন বীরত্বগাথা কথা শোনানোর অনুষ্ঠান ও কুইজ প্রতিযোগিতার মাঝে পুরস্কার বিতরণ অনুষ্ঠিত হয়েছে।

আজ সোমবার সকাল দশটার দিকে মুজিবনগর মুক্তিযুদ্ধ স্মৃতি কমপ্লেক্স অডিটোরিয়ামে বঙ্গবন্ধুর আদর্শ ও মুক্তিযুদ্ধের চেতনা বাস্তবায়ন প্রকল্প জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় ও মুজিবনগর উপজেলা প্রশাসনের সার্বিক সহযোগিতায় অনুষ্ঠিত বীর মুক্তিযোদ্ধাদের বীরত্বগাথা শোনানোর অনুষ্ঠানে মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার খায়রুল ইসলামের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বঙ্গবন্ধুর আদর্শ ও মুক্তিযোদ্ধাদের চেতনা বাস্তবায়ন প্রকল্পের পরিচালক উপসচিব ডঃ মোহাম্মদ নুরুল আমিন।

বিশেষ অতিথি ছিলেন, সহকারী কমিশনার (ভূমি) নাজমুস সাদাত রত্ন, মুজিবনগর থানার অফিসার ইনচার্জ ওসি উজ্জ্বল কুমার দত্ত । এছাড়াও উপস্থিত ছিলেন ও নতুন প্রজন্মের কাছে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ইতিহাস তুলে ধরেন এবং মুক্তিযুদ্ধের গল্প শোনান বীর মুক্তিযোদ্ধা আহসান আলী খান, বীর মুক্তিযোদ্ধা আমজাদ হোসেন, বীর মুক্তিযোদ্ধা সিরাজুল ইসলাম, বীর মুক্তিযোদ্ধা লুৎফর রহমান প্রমুখ।

উক্ত অনুষ্ঠানে উপস্থিত থেকে মুক্তিযুদ্ধের চেতনার গল্প শোনেন মুজিবনগর উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রীগণ ।

অনুষ্ঠান শেষে শিক্ষার্থীদের মাঝে মুক্তিযুদ্ধের ইতিহাস ভিত্তিক কুইজ প্রতিযোগিতা অনুষ্ঠিত হয় এবং কুইজ প্রতিযোগিতায় বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়।